গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
নরসিংদী
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ই-মেইলঃ-norshingdi@cs.dghs.gov.bd

স্মারক নং-সি.এস.নর/প্রশাসন/৩য়-৪র্থ শ্রেণী জনবল নিয়োগ/২০২৪/২৮৪৫ **তারিখ-১৮/০৩/২০২৪ খ্রিঃ।**

“নিয়োগ বিজ্ঞপ্তি”

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০০৩.২৩.৭৬ তারিখ-১১/০১/২০২৪খ্রিঃ মূলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়, নরসিংদী ও তার নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে রাজস্ব (স্থায়ী ও অস্থায়ী) খাতের অন্তর্ভুক্ত শূন্যপদ সমূহে অস্থায়ী ভিত্তিতে ১১-২০ গ্রেড (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেনী) জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্নিত শর্ত সাপেক্ষে http://csnarsingdi.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইন (Online) এ দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহন করা হবে না।

ক্রমিক নং	**পদের নাম**	**পদের সংখ্যা**	**গ্রেড ও জাতীয় বেতন স্কেল ২০১৫**	**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা**	**যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।**
০১	কম্পিউটার অপারেটর	৩ (তিন)টি	গ্রেড-১৩, বেতন স্কেল-(১১০০০-২৬৫৯০/-)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজীতে ৩০ শব্দের ন্যূনতম গতি।	বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০২	পরিসংখ্যানবিদ	৪ (চার)টি	গ্রেড-১৪, বেতন স্কেল-(১০২০০-২৪৬৮০/-)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী। খ) কম্পিউটার চালানোর দক্ষতা।	শুধুমাত্র নরসিংদী জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।
০৩	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	৩ (তিন)টি	গ্রেড-১৬, বেতন স্কেল-(৯৩০০-২২৪৯০/-)	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) কম্পিউটার চালনায় দক্ষতা। গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দের ন্যূনতম গতি।	
০৪	ষ্টোর কিপার	৫ (পাঁচ)টি	গ্রেড-১৬, বেতন স্কেল-(৯৩০০-২২৪৯০/-)	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) ষ্টোর কিপার পদ ধারীগণকে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করিতে হইবে।	
০৫	স্বাস্থ্য সহকারী	৩৯ (উনচল্লিশ) টি	গ্রেড-১৬, বেতন স্কেল-(৯৩০০-২২৪৯০/-)	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	
০৬	গাড়ী চালক	২ (দুই)টি	গ্রেড-১৬, বেতন স্কেল-(৯৩০০-২২৪৯০/-)	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) হালকা গাড়ী চালনার হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্স। গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবে।	
০৭	ল্যাবঃ এ্যাটেনডেন্ট	১ (এক)টি	গ্রেড-১৯, বেতন স্কেল-(৮৫০০-২০৫৭০/-)	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	

শর্তাবলী :-

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।
২। বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধী ব্যতিত সকল আবেদন কারীর বয়স **২৫/০৩/২০২৪ খ্রিঃ** তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর। উল্লেখ্য যে, বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণ যোগ্য নয়।
৩। সকল প্রার্থীর আবেদন শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। অনলাইন ব্যতিত অন্য কোন মাধ্যমে প্রাপ্ত আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৪। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না, একাধিক পদে আবেদন পাওয়া গেলে তার সকল পদের আবেদন বাতিল বলে গন্য করা হবে।
৫। কম্পিউটার অপারেটর, পরিসংখ্যানবিদ, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও গাড়ী চালক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিয়োগ বিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্য হবেন।
৬। আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।
৭। সরকারী /আধা সরকারী /স্বায়ত্বশাসিত/আধা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে সরকারী বিধি বিধান অনুসরণপূর্বক অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ (NOC) এর মূল কপি জমা দিতে হবে।
৮। নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি বিধান প্রতিফলিত হবে।

৯। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (পুরাতন) জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডে স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। (এ ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের বাসিন্দা সে ওয়ার্ডের নাম অবশ্যই আবেদন পত্রে উল্লেখ করতে হবে)। তবে সংশ্লিষ্ট শুন্য পদের ওয়ার্ডের বাসিন্দাদের মধ্যে যোগ্য প্রার্থী পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের মধ্যে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের অন্য ওয়ার্ডের্ যোগ্য প্রার্থীদের বিবেচনা করা হবে।

১০। প্রাথী কর্তৃক আবেদনপত্রে বর্নিত স্থায়ী ঠিকানা (**Permanent address**) যদি ইতোঃপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্নিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয় পত্র (**NID**) ও সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

১১। স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিতে), সিভিল সার্জন অফিস এবং প্রতিটি উপজেলার উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে পাওয়া যাবে।

১২। প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশ পত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল করাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৪। আবেদনের সময়সীমা ও নিয়মাবলী/শর্তাবলী নিম্নরূপ:-

(ক) আগ্রহী প্রার্থীগণ http://csnarsingdi.teletalk.com.bd এ ওয়েব সাইটে এ আবেদন করতে পারবেন। ওয়েব সাইটে প্রকাশিত নির্দেশিকা মোতাবেক ফরম পূরণ করতে হবে।

(খ) Online এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় **২৫/০৩/২০২৪** খ্রিঃ বেলা ১০.০০ ঘটিকা হতে।

(গ) Online এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় **২১/০৪/২০২৪** খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত ।

(ঘ) উক্ত সময়সীমার মধ্যে ইউজার আইডি প্রাপ্ত প্রার্থীগণ online আবেদন সাবমিট এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন ।

১৫। Online এ আবেদনপত্রে প্রার্থীকে তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) Pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100 kb এবং স্বাক্ষর সাইজ সর্বোচ্চ 60 kb এর মধ্যে হতে হবে।

১৬। Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইন আবেদন করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৭। প্রার্থী online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

১৮। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষা ফি প্রদান:

Online আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন ভুল তথ্য থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's কপি প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং পরবর্তীতে User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-প্রেইড মোবাইল নম্বর এর মাধ্যমে ০২ (দুইটি) এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-০১ (এক) থেকে ০৬(ছয়) পর্যন্ত পদের জন্য ২০০/-**(দুইশত)** টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ২৩/-**(তেইশ)** টাকা সহ মোট- ২২৩/-(দুইশত তেইশ) টাকা (অফেরতযোগ্য) এবং ক্রমিক নং- ০৭ (সাত) এর জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকা সহ মোট (অফেরত যোগ্য) ১১২/-(একশত বার) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, **Online** এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে করা **Submit** হলেও পরীক্ষা ফি জমা না দেওয়া পর্যন্ত এ আবেদন পত্র কোন অবস্থায় গৃহীত হবে না।

১ম এসএমএস :

CSNARSINGDI<Space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CSNARSINGDI ABCDEF
Reply SMS: Applicant Name....TK 223...will be charged as application Fee. Your PIN is XXXXXXXXXXX.
To pay fee type **CSNARSINGDI** <Space> YES <Space> PIN and Send to 16222.

২য় এসএমএস :

CSNARSINGDI<Space>**YES**<Space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CSNARSINGDI YES XXXXXXXXXXX.
Reply SMS: Congratulations, Applicant's Name. Your payment is completed successfully for CSNARSINGDI for Application for xxxxxxxxxxx. User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx).

১৯। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://csnarsingdi.teletalk.com.bd** অথবা **www.cs.narsingdi.gov.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু মাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। বিধায় উক্ত নাম্বারটি সার্বক্ষণিক সচল রাখা, এসএমএস পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয় ।

২০। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড পূর্বক প্রিন্ট (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) সময় অবশ্যই প্রদর্শন করবেন।

২১। শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইলফোন থেকে প্রার্থীগণ নিম্ন বর্নিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ক) User ID জানা থাকলে:

CSNARSINGDI<Space>**Help**<Space>**User**<Space>**User ID** and Send to **16222**.
Example: CSNARSINGDI Help User ABCDEF.

খ) PIN Number জানা থাকলে:

CSNARSINGDI<Space>Help<Space>User<Space>Pin Number and Send to 16222.
Example: CSNARSINGDI Help PIN 12345678.

২২। অনলাইন এ আবেদন করতে সমস্যা হলে **alljobs.query@teletalk.com.bd** অথবা টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল ফেসবুক পেইজ **https://www.facebook.com/alljobsbd Teletalk** -এ প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। Mail / মেসেজ এর Subject এ Organization Name : CSNARSINGDI, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

২৩। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদা ভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূল কপি বাধ্যতামূলক ভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারী ১ম শ্রেনীর কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখসহ সীলমোহর) কর্তৃক সম্পাদিত হতে হবে।

ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ/সাময়িক সনদ, প্রত্যয়ন পত্র, অভিজ্ঞতার সনদ ইত্যাদি।

খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্র।

গ) চাকুরীর আবেদন ফরমে উল্লেখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করতঃ) জাতীয়তা ইত্যাদি সনদ পত্র।

ঘ) ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী সনদ পত্র/প্রমাণক। মুক্তিযোদ্ধার সন্তান, মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান কোটার আবেদন কারীকে মুক্তিযোদ্ধার সহিত তার সম্পর্ক বিষয়ে মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউপি চেয়ারম্যান এর সনদপত্র।

চ) ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠি (উপজাতি) সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ইস্যুকৃত সনদপত্র।

ছ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধিতা সম্পর্কিত সনদ পত্র। (যাচাইবাছাই সাপেক্ষে)

জ) এতিম প্রার্থীদের ক্ষেত্রে সমাজ সেবা অধিদপ্তর /এতিমখানা কর্তৃক প্রদত্ত সনদ পত্র।

ঝ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য (নূন্যতম ২১ দিনের প্রশিক্ষণ যা ২৫/০৩/২০২৪ খ্রিঃ এর পূর্বে সম্পন্ন) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য মর্মে আনসার ও ভিডিপি'র জেলা কমান্ডেন্ট কর্তৃক প্রদত্ত সনদ পত্র।

ঞ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমানক।

ট) **Download** কৃত **Applicant's Copy** এর সত্যায়িত কপি ।

২৪। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেওয়া হবে না।

২৫। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন, পরিবর্তন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি উত্থাপন করা যাবে না।

২৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফল প্রক্রিয়ায় প্রকাশ করা হবে এবং নিয়োগ সম্পর্কিত সকল তথ্য সিভিল সার্জন অফিসের নোটিশ বোর্ড ও **https://alljob.teletalk.com.bd** এবং https://cs.narsingdi.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। এ ছাড়া QR কোড স্ক্যানের মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টালে নিম্নোক্ত সাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

২৭। **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

(ডা. ফারহানা আহমেদ)
কোড নং-১১০০০৩
সিভিল সার্জন (ভারপ্রাপ্ত), নরসিংদী।
ও
সদস্য সচিব
৩য় ও ৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড)
জনবল নিয়োগ কমিটি, নরসিংদী।

সিভিল সার্জন অফিস, নরসিংদী এর ওয়েবসাইটে প্রবেশের QR কোড।

সিভিল সার্জন, নরসিংদী এর টেলিটক পোর্টালে প্রবেশের QR কোড।